ঘ. উদ্দীপকে ফরহাদের মা–বাবার তাকে অপরাধ থেকে বিরত রাখতে গৃহীত পদৰেপ যৌক্তিক নয়। ফরহাদ মা–বাবার অবহেলায় কিশোর অপরাধে জড়িয়ে পড়লে তার মা–বাবা তাকে বাসায় ফিরে কঠোরভাবে নিয়ন্ত্রণের চেষ্টা করে। তাদের এ কাজটি মোটেই যৌক্তিক ও ফলপ্রসূ নয়। বরং তাদের উচিত ছিল তার সুস্থ মানসিক বিকাশের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা। ছেলেকে যথেষ্ট সময় দেওয়া এবং তার যে কোনো চাহিদা ইচ্ছেমতো পূরণ না করে তার মঙ্গল হয় এমন কাজের উপদেশ দেওয়া ও তাকে নিয়ন্ত্রণ করা। এছাড়া তার চলাফেরার উপর নজর রাখা। তার বন্ধু ও সাথিদের সম্পর্কে খোঁজ–খবর রাখা। তার সাথে সহজ ও স্বাভাবিক সম্পর্ক গড়ে তোলা। তারা ফরহাদের সুস্থ চিত্তবিনোদনের কোনো ব্যবস্থা করেনি। আজ ফরহাদ অপরাধে জড়িয়ে পড়লে তারা কঠোর হন। তাদের একাজটিও উচিত হচ্ছে না বরং এৰেত্রে তাদের করণীয় হলো তাকে আবার ভালো পথে ফিরিয়ে আনতে সতর্কতার সহিত কাজ করা।

সার্বিক বিচারে একথা স্পষ্ট যে, ফরহাদের মতো ছেলেদের মা–বাবার গৃহীত পদৰেপ হওয়া উচিত তাকে শুধরে নিতে সহযোগিতা করা, কঠোর নিয়ন্ত্রণ যৌক্তিক নয়।

**প্রশ্ন –৬ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

শাহীন ৮ম শ্রেণির ছাত্র। বাবা–মা দুজন চাকরিজীবী। সম্প্রতি সে বখাটে ছেলেদের সাথে মেলামেশা, সিগারেট খাওয়া শুরব করে। পরীৰায় নকল করার দায়ে সে বহিস্কার হয়। প্রধান শিৰক তার বাবা–মাকে ডেকে বলেন– সন্তানকে যথেষ্ট সময় দেওয়ার মাধ্যমে আমরা এ সমস্যা থেকে বেরিয়ে আসতে পারি।

ক. শারীরিক ও মানসিক ত্রবটি শিশু মনে কিসের জন্ম দেয়? ১

খ. মাদকাসক্তির একটি কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উলিরখিত সমস্যা শাহীনের পারিবারিক জীবনে যে প্রভাব সৃষ্টি করেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উলিরখিত শেষোক্ত উক্তিটির সাথে তুমি কি একমত? উত্তরের সপৰে যুক্তি দাও। ৪

### ▸◂ ৬নং প্রশ্নের উত্তর ▸◂

ক. শারীরিক ও মানসিক ত্রবটি শিশু মনে হীনম্মন্যতার জন্ম দেয়।

খ. অপসংস্কৃতির প্রভাব মাদকাসক্তির একটি বড় কারণ। চলচ্চিত্র, টিভি চ্যানেল, ইন্টারনেট প্রভৃতির মাধ্যমে আজকাল এক দেশের সংস্কৃতি সহজেই অন্য দেশের সংস্কৃতি ও জনজীবনকে প্রভাবিত করছে। দুই ভিন্ন সংস্কৃতির টানা পড়েনে পড়েও যুবসমাজের একটা অংশ বিভ্রান্ত ও লৰ্যভ্রষ্ট হয়ে মাদকে আকৃষ্ট হচ্ছে।

গ. উদ্দীপকে উলিরখিত সমস্যা তথা কিশোর অপরাধ শাহীনের পারিবারিক জীবনে বিরূ প প্রভাব সৃষ্টি করেছে।

আমরা উদ্দীপকে লৰ করি শাহীন বখাটে ছেলেদের মেলামেশা করে সিগারেট খাওয়া শুরব করে এবং পরীৰায় নকল করার দায়ে সে বহিস্কার হয়। এ ধরনের অপরাধ শাহীনের পরিবারে অশান্তি সৃষ্টি করবে। তার বাবা–মা তাকে নিয়ে চিন্তিত হবেন। পরিবারের সম্মান হানি ঘটবে। শাহীনের পরিবার সামাজিকভাবে হেয় হবেন। পরিবারে স্বাভাবিকভাবে অশান্তি নেমে আসবে।

ঘ. উদ্দীপকে উলিরখিত শেষোক্ত উক্তিটির সাথে আমি একমত নই। কারণ শুধু সন্তানকে যথেষ্ট সময় দেওয়ার মাধ্যমে আমরা এ সমস্যা তথা কিশোর অপরাধ থেকে বেরিয়ে আসতে পারি না। অভিভাবকদের সচেতনতা ও দায়িত্ব ছাড়া আরও কিছু প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। যেমন :

**আর্থ–সামাজিক কর্মসূচি** : কিশোরদের অপরাধ প্রবণতার একটি প্রধান কারণ পরিবারের দারিদ্র্য। সেজন্য অভিভাবকদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও পরিবারের আর্থিক অবস্থার উন্নতি ঘটাতে হবে। এ ব্যাপারে সরকার এবং বিভিন্ন বেসরকারি সংস্থাকে এগিয়ে আসতে হবে।

**শিৰার সুযোগ** : সকল শিশু–কিশোরকে প্রাথমিক ও মাধ্যমিক শিৰার আওতায় আনতে হবে। এতে তারা একদিকে শিৰার প্রভাবে সুস্থ ও সুন্দর জীবন–যাপনে আগ্রহী হবে। অন্যদিকে বিদ্যালয়ের পরিবেশ তাদেরকে অপরাধ থেকে দূরে রাখবে।

**চিত্তবিনোদন** : শিশু–কিশোরদের মানসিক বিকাশের জন্য পাড়া ও মহলরায় পাঠাগার, ব্যায়ামাগার প্রভৃতি স্থাপন করা প্রয়োজন। এছাড়া বিদ্যালয়ে ও আবাসিক এলাকায় খেলার মাঠ থাকতে হবে।

উপরোক্ত প্রতিরোধমূলক ব্যবস্থাগুলো গ্রহণ এবং মাতাপিতা সন্তানকে সময় দিলে আমরা কিশোর অপরাধ সমস্যা থেকে বেরিয়ে আসতে পারি।

**প্রশ্ন –৭ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

ইউনুসের বয়স মাত্র চৌদ্দ বছর। তার বাবা একজন কৃষক। খেয়ে না খেয়ে তাদের সংসার চলে। পঞ্চম শ্রেণি পর্যন্ত পড়ার পর সে স্কুলে

যাওয়া বন্ধ করে দেয়। বস্তির এক বখাটে ছেলের সঙ্গে তার বন্ধুত্ব হয়। এখন সে মোড়ে মোড়ে আড্ডা দেয় আর জুয়া খেলে।

ক. মাদকাসক্তির সূত্রপাত প্রধানত কাদের মাধ্যমে ঘটে? ১
খ. মাদকাসক্তিরোধে নৈতিক শিৰার গুরবত্ব লেখ। ২
গ. উদ্দীপকে কোন সামাজিক সমস্যাটি বিবৃত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইউনুসের সমস্যার পেছনে কী কী কারণ দায়ী? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

ক. মাদকাসক্তির সূত্রপাত প্রধানত মাদকাসক্ত সঙ্গীদের মাধ্যমে ঘটে।

খ. নৈতিক শিৰা মাদকাসক্তি রোধে গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। সন্তানদের যদি ছোটবেলা থেকেই নৈতিক মূল্যবোধ শেখানো যায় তবে তারা মাদকদ্রব্য গ্রহণ করা থেকে বিরত থাকবে। ফলে মাদকাসক্তি রোধ করা সম্ভব হবে।

গ. উদ্দীপকে যে সামাজিক সমস্যাটি বিবৃত হয়েছে তা হলো কিশোর অপরাধ। নিম্নে এর ব্যাখ্যা দেওয়া হলো–
প্রাপ্তবয়স্ক ছেলেমেয়ে বা কিশোরদের দ্বারা সংঘটিত বিভিন্ন ধরনের অপরাধকেই বলা হয় কিশোর অপরাধ। বাংলাদেশে ৭–১৬ বছর বয়সী কিশোরদের অপরাধমূলক কাজকে কিশোর অপরাধ বলা হয়। যেসব কাজ কিশোর অপরাধের পর্যায়ে পড়ে সেগুলো হচ্ছে চুরি, খুন, জুয়া খেলা, স্কুল পালানো, পরীৰায় নকল করা, বিদ্যালয় বা পথেঘাটে উচ্ছৃঙ্খল আচরণ, পকেটমারা, মারপিট করা, পথে ঘাটে মেয়েদের উত্ত্যক্ত করা, মাদক গ্রহণ ইত্যাদি। অনুরূপভাবে উদ্দীপকেও দেখা যায়, চৌদ্দ বছর বয়সী ইউনুস পঞ্চম শ্রেণি পর্যন্ত পড়ার পর স্কুলে যাওয়া বন্ধ করে দেয়। বর্তমানে সে মোড়ে মোড়ে আড্ডা দেয় আর জুয়া খেলে যা কিশোর অপরাধের সাথে সাদৃশ্যপূর্ণ।

ঘ. ইউনুস একজন কিশোর অপরাধী। তার এ সমস্যার পেছনে যেসব কারণ দায়ী তা নিম্নে উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করা হলো–
শিশু–কিশোররা নানা কারণে অপরাধী হয়ে ওঠে। আমাদের দেশে কিশোর অপরাধের অন্যতম প্রধান কারণ দারিদ্র্য। দরিদ্র পরিবারের কিশোরদের অনেক সাধ বা ইচ্ছাই অপূর্ণ থেকে যায়। এর ফলে হতাশা বাড়ে এবং তারা অপরাধী হয়ে বেড়ে ওঠে। উদ্দীপকে বর্ণিত ইউনুসের বাবা একজন কৃষক। খেয়ে না খেয়ে তাদের সংসার চলে যা দারিদ্র্যকে নির্দেশ করে। এছাড়া পঞ্চম শ্রেণি পর্যন্ত পড়ার পর সে স্কুলে যাওয়া বন্ধ করে দেয়। বস্তির এক বখাটে ছেলের সঙ্গে তার বন্ধুত্ব হয়। এখন সে মোড়ে মোড়ে আড্ডা দেয় আর জুয়া খেলে যা কিশোর অপরাধের অন্যতম কারণ সঙ্গদোষকে নির্দেশ করে। সঙ্গদোষেও শিশু–কিশোররা অনেক সময় অপরাধী হয়ে ওঠে। এ বিষয়টি উদ্দীপকে বর্ণিত ইউনুসের ৰেত্রেও দেখা যায়।

**প্রশ্ন –৮ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

অষ্টম শ্রেণির শিৰার্থী অরিক তিন বছর আগে সড়ক দুর্ঘটনায় পিতামাতাকে হারিয়ে বর্তমানে ভাই–বোনের তত্ত্বাবধানে পড়ালেখা করে। শ্রেণি কার্যক্রমে বেশির ভাগ ৰেত্রে অমনোযোগী থাকার বিষয়টি উপলব্ধি করে অরিকের সাথে কথা বলার পর জানা যায়, সে যেন কী হারিয়ে খোঁজে। তার সহপাঠী বন্ধুরা ও শিৰকগণ এ সমস্যার সমাধানে অরিকের বর্তমান অভিভাবকের সাথে আলোচনা করেন।

ক. বাংলাদেশে কিশোরদের বয়সসীমা কত বছর? ১
খ. শিশু মনে হীনম্মন্যতার জন্ম দেওয়ার কারণটি ব্যাখ্যা কর। ২
গ. অরিকের মধ্যে বিরাজমান সামাজিক সমস্যার কারণটি ব্যাখ্যা কর। ৩
ঘ. অরিকের সমস্যা সমাধানের জন্য দৃশ্যকল্পের শেষোক্ত পদৰেপটির কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

### ৮নং প্রশ্নের উত্তর

ক. বাংলাদেশে কিশোরদের বয়সসীমা ৭ থেকে ১৬ বছর।

খ. শারীরিক মানসিক ত্রবটি বা বৈকল্য শিশুমনে হীনম্মন্যতার জন্ম দেয়। সকল শিশু সুস্থ ও স্বাভাবিক অবস্থায় জন্মগ্রহণ করে না। কারো কারো মধ্যে শারীরিক–মানসিক ত্রবটি বা বৈকল্য থাকে। এর ফলে শিশু মনে হীনম্মন্যতার সৃষ্টি হয়।

গ. অরিকের মধ্যে বিরাজমান সামাজিক সমস্যার কারণটি হচ্ছে পিতামাতার অকাল মৃত্যু। দৃশ্যকল্পে বর্ণিত অষ্টম শ্রেণির শিৰার্থী অরিক তিন বছর আগে সড়ক দুর্ঘটনায় পিতামাতাকে হারিয়ে বর্তমানে ভাই–বোনের তত্ত্বাবধানে পড়ালেখা করছে। তবে সে শ্রেণি কার্যক্রমে বেশির ভাগ ৰেত্রে অমনোযোগী থাকে। বিষয়টি উপলব্ধি করে অরিকের সাথে কথা বলার পর জানা যায়, সে যেন কী হারিয়ে খোঁজে। এ থেকে বোঝা যায় পিতামাতার অকাল মৃত্যুই অরিকের এরূ প অবস্থার কারণ। পিতামাতার অকাল মৃত্যু অরিকের মনে একাকীত্ব সৃষ্টি করে। পিতামাতাকে হারিয়ে অরিক ভাইবোনের তত্ত্বাবধানে থেকে পড়ালেখা করলেও সে পিতামাতার অভাব অনুভাব করছে। আর এ কারণেই সে হতাশায় ভুগছে এবং শ্রেণি কার্যক্রমে অমনোযোগী থাকছে।

ঘ. আরিফের সমস্যা হচ্ছে শ্রেণিকার্যক্রমে বেশির ভাগ ৰেত্রে সে অমনোযোগী থাকে। সে যেন কী হারিয়ে খোঁজে। বিষয়টি উপলব্ধি করে অরিকের সাথে কথা বলার পর জানা যায় সে তিন বছর আগে সড়ক দূর্ঘটনায় তার পিতামাতাকে হারিয়ে বর্তমানে ভাইবোনের তত্ত্বাবধানে পড়ালেখা করেছে। অরিকের এ সমস্যার সমাধানে তার বন্ধুরা ও শিৰকগণ অরিকের বর্তমান অভিভাবকের সাথে আলোচনা করেন। তাদের এ পদৰেপটি অর্থাৎ দৃশ্যকল্পের শেষোক্ত পদৰেপটি কার্যকর হবে বলে আমি মনে করি। কারণ এ বিষয়টি জানার পর অরিকের বর্তমান অভিভাবক অর্থাৎ তার ভাই–বোনরা তার প্রতি আগের তুলনায় আরও বেশি সচেতন হবেন। পিতামাতার অভাববোধ মুছে ফেলার চেষ্টা করবেন। তার সুস্থ মানসিক বিকাশের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করবেন। অরিকের চলাফেরা ও আচার আচরণের প্রতি খেয়াল রাখবেন। তার বন্ধু ও সাথিদের সম্পর্কে খোঁজ–খবর রাখবেন। তার সাথে সহজ ও স্বাভাবিক সম্পর্ক গড়ে তুলবেন। সুতরাং বলা যায়, অরিকের সমস্যা সমাধানের জন্য দৃশ্যকল্পের শেষোক্ত পদৰেপটি যথেষ্ট কার্যকরী।

**প্রশ্ন –৯ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

প্রবাসে কর্মরত বাবার একমাত্র সন্তান রাশেদ শহরের নামী–দামি প্রতিষ্ঠানের নবম শ্রেণির মেধাবী শিৰার্থী। কিন্তু উচ্ছৃঙ্খল ছেলেদের সাথে মিশে স্কুল পালানো, অশোভন ছবি দেখা, পথে ঘাটে মেয়েদের উত্যক্ত করা তার নিত্যদিনের কাজ। সম্প্রতি বিদ্যালয়ের প্রধান শিৰক রাশেদের মাকে ডেকে বিষয়টি নজরে আনেন এবং বলেন, “সন্তানদের এ ধরনের কর্মকাÊ থেকে দূরে রাখার জন্য অভিভাবকদের সচেতন ও দায়িত্বশীল হওয়া প্রয়োজন।”

ক. থাইল্যান্ডে কিশোর অপরাধীর বয়সসীমা কত? ১
খ. “পিতামাতার কর্মস্থল পরিবর্তন কিশোর অপরাধের একটি কারণ”— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রাশেদের কর্মকান্ড বাংলাদেশের কোন সামাজিক সমস্যাকে প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের উক্ত সমস্যা প্রতিরোধে প্রধান শিৰকের বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

### ৯নং প্রশ্নের উত্তর

ক. থাইল্যান্ডে কিশোর অপরাধীর বয়সসীমা ৭ থেকে ১৮ বছর।

খ. পিতামাতার কর্মস্থল পরিবর্তন কিশোর অপরাধের একটি কারণ। যেসব পিতামাতা বারবার কর্মস্থল পরিবর্তন করেন তাঁদের সন্তানরা নতুন নতুন পরিবেশের সঙ্গে খাপ খাইয়ে নিতে পারে না। সঙ্গী বা বন্ধু নির্বাচনেও তাদের সমস্যা হয়। এভাবে সঙ্গদোষেও কেউ কেউ অপরাধী হয়ে ওঠে।

গ. উদ্দীপকের রাশেদের কর্মকাÊ যে সামাজিক সমস্যাকে প্রতিনিধিত্ব করে তাহলো কিশোর অপরাধ। অপ্রাপ্তবয়স্ক ছেলেমেয়ে বা

কিশোরদের দ্বারা সংঘটিত বিভিন্ন ধরনের অপরাধকেই কিশোর অপরাধ বলা হয়।

যেসব কাজ কিশোর অপরাধের পর্যায়ে পড়ে সেগুলো হচ্ছে চুরি, খুন, জুয়া খেলা, স্কুল পালানো, বাড়ি থেকে পালানো, পরীৰায় নকল করা, বিদ্যালয় ও পথেঘাটে উচ্ছৃঙ্খল আচরণ, পকেটমারা, মারপিট করা, বোমাবাজি, গাড়ি ভাঙচুর, বিনা টিকিটে গাড়ি ভ্রমণ, পথেঘাটে মেয়েদের উত্যক্ত করা, এসিড নিৰেপ, নারী নির্যাতন, অশোভন ছবি দেখা, মাদক গ্রহণ ইত্যাদি। উদ্দীপকে বর্ণিত রাশেদও একজন কিশোর। কারণ সে নবম শ্রেণির মেধাবী শিৰার্থী। কিন্তু সে উচ্ছৃঙ্খল ছেলেদের সাথে মিশে স্কুল পালায়, অশোভন ছবি দেখে, পথে-ঘাটে মেয়েদের উত্যক্ত করে যা কিশোর অপরাধের সাথে সাদৃশ্যপূর্ণ। কাজেই বলা যায়, উদ্দীপকের রাশেদের কর্মকাE কিশোর অপরাধকে প্রতিনিধিত্ব করে।

ঘ. উদ্দীপকের উক্ত সমস্যা হলো কিশোর অপরাধ। এ সমস্যা প্রতিরোধে প্রধান শিৰক বলেন "সন্তানদের এ ধরনের কর্মকাE থেকে দূরে রাখার জন্য অভিভাবকদের সচেতন ও দায়িত্বশীল হওয়া প্রয়োজন"– তার এ বক্তব্যের যথার্থতা নিচে মূল্যায়ন করা হলো:
কিশোরদের অপরাধ প্রবণতার ধরন, তার কারণ ও প্রতিকার সম্পর্কে পিতামাতা ও পরিবারের বয়োজ্যেষ্ঠরা যদি সচেতন থাকেন তবে তাঁরা সহজেই কিশোরদের অপরাধ থেকে দূরে রাখতে বা সে পথ থেকে সরিয়ে আনতে পারবেন। এজন্য পরিবারে সন্তানদের সুস্থ মানসিক বিকাশের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে। তাদের চলাফেরার ওপর নজর রাখতে হবে। তাদের বন্ধু ও সাথিদের সম্পর্কে খোঁজ-খবর রাখতে হবে। সন্তানদের সঙ্গে সহজ ও স্বাভাবিক সম্পর্ক গড়ে তুলতে হবে।
শিশু-কিশোররা যেন খারাপ সংস্পর্শে না পড়ে সে ব্যাপারে তাদের নিজেদের যেমন সতর্ক থাকতে হবে, তেমনি অভিভাকদেরও এ ব্যাপারে সব সময় সজাগ দৃষ্টি রাখতে হবে।
সুতরাং উপরিউক্ত আলোচনার প্রেৰিতে বলা যায়, কিশোর অপরাধ প্রতিরোধে প্রধান শিৰকের বক্তব্য সঠিক এবং যথার্থ।

**প্রশ্ন –১০ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
দিন মজুর আফাজ উদ্দিনের বাড়ি সীমান্ত এলাকায়। তার ১২ বছরের ছেলেটি প্রায়ই স্কুলে না গিয়ে চোরাচালান কারবারে লিপ্ত হয়। এক পর্যায়ে সে মাদকে আসক্ত হয়ে পড়ে।

ক. কিশোর অপরাধ কোন ধরনের সমস্যা? ১
খ. "মাদকাসক্তির বড় কারণ অপসংস্কৃতি"।—ব্যাখ্যা কর। ২
গ. আফাজ উদ্দিনের ছেলের পরিণতির জন্য কিশোর অপরাধের কোন কারণটি বেশি দায়ী? ব্যাখ্যা কর। ৩
ঘ. "আফাজ উদ্দিনের সচেতনতাই পারে তার ছেলেকে সঠিক পথে ফিরিয়ে আনতে।"–তোমার মতের পৰে যুক্তি দাও। ৪

### ▸◂ ১০নং প্রশ্নের উত্তর ▸◂

ক. কিশোর অপরাধ সামাজিক সমস্যা।

খ. অপসংস্কৃতির প্রভাব মাদকাসক্তির পিছনে একটি বড় কারণ হিসেবে কাজ করে। চলচ্চিত্র, টিভি চ্যানেল, ইন্টারনেট প্রভৃতির মাধ্যমে আজকাল এক দেশের সংস্কৃতি সহজেই অন্য দেশের সংস্কৃতি ও জনজীবনকে প্রভাবিত করছে। দুই ভিন্ন সংস্কৃতির টানাপড়েনে পড়ে যুব সমাজের একটা অংশ বিভ্রান্ত ও লৰ্যভ্রষ্ট হয়ে মাদকে আকৃষ্ট হচ্ছে।

গ. আফাজ উদ্দিনের ছেলের পরিণতির জন্য কিশোর অপরাধের যে কারণটি বেশি দায়ী তা হচ্ছে দারিদ্র্য।
শিশু-কিশোররা নানা কারণে অপরাধী হয়ে ওঠে। আমাদের দেশে কিশোর অপরাধের অন্যতম প্রধান কারণ হচ্ছে দারিদ্র্য। দরিদ্র পরিবারের কিশোরদের অনেক সাধ বা ইচ্ছাই অপূর্ণ থেকে যায়। এর ফলে তাদের মধ্যে বাড়ে হতাশা এবং এ হতাশাই তাদের অপরাধের দিকে ঠেলে দেয়।
উদ্দীপকে বর্ণিত আফাজ উদ্দিনের বাড়ি সীমান্ত এলাকায়। তিনি একজন দিন মজুর অর্থাৎ দরিদ্র। তাই তার ১২ বছরের ছেলেটি প্রায়ই স্কুলে না গিয়ে চোরাচালান কারবারে লিপ্ত হয় এবং এক পর্যায়ে মাদকে আসক্ত হয়ে পড়ে অর্থাৎ কিশোর অপরাধে জড়িয়ে পড়ে। এ থেকে বোঝা যায়, কিশোর অপরাধের অন্যতম প্রধান কারণ দারিদ্র্যই আফাজ উদ্দিনের ছেলের পরিণতির জন্য বেশী দায়ী।

ঘ. "আফাজ উদ্দিনের সচেতনতাই পারে তার ছেলেকে সঠিক পথে ফিরিয়ে আনতে"– বক্তব্যটির সাথে আমি সম্পূর্ণরূপে একমত নই। এর পৰের যুক্তিগুলো নিচে দেওয়া হলো–
কিশোরদের অপরাধ প্রবণতার ধরন, তার কারণ ও প্রতিকার সম্পর্কে পিতামাতা ও পরিবারের বয়োজ্যেষ্ঠরা যদি সচেতন থাকেন তবে তাঁরা সহজেই কিশোরদের অপরাধ থেকে দূরে রাখতে বা সে পথ থেকে সরিয়ে আনতে পারবেন। এজন্য পরিবারে সন্তানদের সুস্থ মানসিক বিকাশের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে। তাদের চলাফেরার ওপর নজর রাখতে হবে। তাদের বন্ধু ও সাথিদের সম্পর্কে খোঁজ-খবর রাখতে হবে। সন্তানদের সঙ্গে সহজ ও স্বাভাবিক সম্পর্ক গড়ে তুলতে হবে।
তবে উদ্দীপকে বর্ণিত আফাজ উদ্দিন একজন দিন মজুর অর্থাৎ দরিদ্র মানুষ। যেহেতু সে দরিদ্র মানুষ, তাই ছেলেকে সঠিক পথে ফিরিয়ে আনার জন্য আফাজ উদ্দিনের সচেতনতার পাশাপাশি তার জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও পরিবারের আর্থিক অবস্থার উন্নতি ঘটাতে হবে। এ ব্যাপারে সরকার এবং বিভিন্ন বেসরকারি সংস্থাকে এগিয়ে আসতে হবে।
পরিশেষে বলা যায়– আফাজ উদ্দিনের সচেতনতার পাশাপাশি তার আর্থিক অবস্থার উন্নতিই তার ছেলেকে সঠিক পথে ফিরিয়ে আনতে পারে।

**প্রশ্ন –১১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
রবিনের বয়স ১৪ বছর। তার মা-বাবা উভয়ই দিনমজুর। সে বাস ও রেলস্টেশনে কাগজ কুঁড়ায়। সে মনের দুঃখ থেকেই ধূমপান শুরব করে। মাঝে মাঝে সে চাকু দেখিয়ে যাত্রীদের টাকা পয়সা লুট করে।

ক. আমাদের দেশে কিশোর অপরাধের প্রধান কারণ কী? ১
খ. কিশোর অপরাধ দমনে শিৰার সুযোগের গুরবত্ব কতটুকু– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে যে সামাজিক সমস্যাটি বিবৃত হয়েছে, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. রবিন কীভাবে স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে– তোমার মতামত দাও। ৪

### ▸◂ ১১নং প্রশ্নের উত্তর ▸◂

ক. আমাদের দেশে কিশোর অপরাধের প্রধান কারণ দারিদ্র্য।

খ. কিশোর অপরাধ দমনে শিৰার সুযোগের গুরবত্ব অনেক। কেননা সকল শিশু-কিশোরকে প্রাথমিক ও মাধ্যমিক শিৰার আওতায় আনলে তারা একদিকে যেমন শিৰার প্রভাবে সুস্থ ও সুন্দর জীবন-যাপনে আগ্রহী হবে; তেমনি বিদ্যালয়ের পরিবেশ তাদেরকে অপরাধ থেকে দূরে রাখবে।

গ. উদ্দীপকে বিবৃত সামাজিক সমস্যাটি হচ্ছে কিশোর অপরাধ। বাংলাদেশে ৭ থেকে ১৬ বছর বয়সী কিশোরদের অপরাধমূলক কাজকে কিশোর অপরাধ বলা হয়।
উদ্দীপকের দিনমজুরের ছেলে রবিনের মতো কিশোরদের দ্বারা সংঘটিত হয় চুরি, খুন, জুয়া খেলা, স্কুল পালানো, বাড়ি থেকে পালানো, পরীৰায় নকল করা, বিদ্যালয় ও পথেঘাটে উচ্ছৃখল আচরণ, পকেটমারা, মারপিট করা, বোমাবাজি, গাড়ি ভাঙচুর, বিনা টিকিটে গাড়ি ভ্রমণ, পথেঘাটে মেয়েদের উত্যক্ত করা, এসিড নিৰেপ, নারী নির্যাতন, অশোভন ছবি দেখা, মাদক গ্রহণ ইত্যাদি। আমাদের দেশে দারিদ্র্যসহ বিভিন্ন আর্থসামাজিক কারণে কিশোর অপরাধ সংঘটিত হয়।

ঘ. রবিনের পরিবারের আর্থিক অবস্থার উন্নতি ঘটলে সে স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে। রবিনের পরিবার যদি আর্থিকবাবে সচ্ছল হয় তবে তার অপরাধপ্রবণতার ধরন, তার কারণ ও প্রতিকার

সম্পর্কে পিতামাতা ও পরিবারের বয়োজ্যেষ্ঠরা সচেতন হতে পারবেন আর সহজেই রবিনকে অপরাধ থেকে দূরে রাখতে বা সে পথ থেকে সরিয়ে আনতে পারবেন। এজন্য পরিবারে রবিনের সুস্থ মানসিক বিকাশের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে। তার চলাফেরার ওপর নজর রাখতে হবে। তার বন্ধু ও সাথিদের সম্পর্কে খোঁজ-খবর রাখতে হবে। তার সঙ্গে সহজ ও স্বাভাবিক সম্পর্ক গড়ে তুলতে হবে। রবিনকে শিৰার আওতায় আনতে হবে। এতে সে একদিকে শিৰার প্রভাবে সুস্থ ও সুন্দর জীবনযাপনে আগ্রহী হবে; অন্যদিকে বিদ্যালয়ের পরিবেশ তাকে অপরাধ থেকে দূরে রাখবে। রবিনের মানসিক বিকাশের জন্য পাড়া ও মহলরায় পাঠাগার, ব্যায়ামাগার থাকলে সেখানেও তাকে সুযোগ দিতে হবে। উলিরখিত কার্যক্রম ছাড়াও রবিনকে সবরকম খারাপ কাজ থেকে দূরে রাখতে হবে।

পরিশেষে বলায় যায়, উপরিউক্ত উপায়ে রবিন স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে।

**প্রশ্ন -১২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

মিলন নবম শ্রেণির একজন মেধাবী ছাত্র। সে খারাপ ছেলেদের সাথে মিশে এক সময় ধূমপান শুরব করে। পড়া-লেখা বন্ধ করে দেয়। নানা রকম অপকর্মে লিপ্ত হয়ে পড়ে। এক সময় সে পুলিশের হাতে গ্রেপ্তার হয়।

ক. বাংলাদেশের কিশোর অপরাধের বয়স কত? ১

খ. কিশোর অপরাধ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে কোন সামাজিক সমস্যার কথা বলা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. মিলনের মত কিশোরদের উক্ত সমস্যা সমাজ জীবনে ভয়াবহ প্রভাব ফেলতে পারে— তোমার মতামত বিশেরষণ কর। ৪

**১২নং প্রশ্নের উত্তর**

ক. বাংলাদেশের কিশোর অপরাধের বয়স ৭ থেকে ১৬ বছর।

খ. অপ্রাপ্তবয়স্ক ছেলেমেয়ে বা কিশোরদের দ্বারা সংঘটিত বিভিন্ন ধরনের অপরাধকেই বলা হয় কিশোর অপরাধ। বাংলাদেশে ৭ থেকে ১৬ বছর বয়সী কিশোরদের অপরাধমূলক কাজকে কিশোর অপরাধ বলা হয়। চুরি, খুন, জুয়া খেলা, স্কুল পালানো, পকেটমারা, মাদক গ্রহণ ইত্যাদি কিশোর অপরাধের পর্যায়ভুক্ত।

গ. উদ্দীপকে যে সামাজিক সমস্যার কথা বলা হয়েছে তা হলো মাদকাসক্তি।

মাদকাসক্ত সঙ্গীদের সাথে মেলামেশার মধ্য দিয়েই প্রধানত মাদকাসক্তির সূত্রপাত ঘটে। মাদকের ৰতিকর দিকগুলো সম্পর্কে না জেনেই কেবল সাময়িক উত্তেজনা লাভের জন্য ও বন্ধুদের প্ররোচনায় কিশোর-কিশোরীরা মাদকদ্রব্য সেবন করে। পরে তা তাদের মরণনেশায় পরিণত করে। কিশোরমন স্বভাবতই কৌতূহলপ্রবণ। পিতা বা বাড়ির অন্য বয়স্কদের পকেট থেকে বিড়ি-সিগারেট চুরি করে শিশু-কিশোররা অনেক সময় তাদের কৌতূহল মেটায়। এ কৌতূহল থেকে একসময় তাদের ধূমপানের অভ্যাস গড়ে উঠে। এই ধূমপান থেকেই তারা পরে অন্যান্য নেশাদ্রব্য, যেমন : গাঁজা, ফেনসিডিল, হেরোইন, ইয়াবা প্রভৃতিতে আসক্ত হয়ে পড়ে। উদ্দীপকে বর্ণিত নবম শ্রেণির মেধাবী ছাত্র মিলন এ ধরনের অপরাধই করে যাচ্ছে। অর্থাৎ উদ্দীপকে মাদকাসক্তির কথা বলা হয়েছে।

ঘ. মিলনের মতো কিশোরদের এ সমস্যা অর্থাৎ মাদকাসক্তি সমাজ জীবনে ভয়াবহ প্রভাব ফেলতে পারে বলে আমি মনে করি।

আমাদের সমাজজীবনে মাদকাসক্তি বর্তমানে একটি ভয়াবহ সমস্যা হিসেবে দেখা দিয়েছে। এটি আমাদের সামাজিক ও নৈতিক জীবনেও মারাত্মক প্রভাব ফেলছে। মাদক গ্রহণকারীরা নিজেদের ৰতি তো করেই, উপরন্তু ভয়, উৎকণ্ঠা ও উত্তেজনার শিকার হয়ে সমাজেও নৈরাজ্য সৃষ্টি করে। পারিবারিক জীবনে মাদকের প্রভাব নানা জটিল সমস্যা সৃষ্টি করে। পুরো পরিবারের সুখ-শান্তিকে নষ্ট করে। যে পরিবারে একটিও মাদকাসক্ত সন্তান থাকে সে পরিবারে ঝগড়াঝাটি লেগেই থাকে। প্রতিবেশীদের কাছে ঐ পরিবারের মর্যাদা থাকে না। মাদকের টাকার জোগান দিতে গিয়ে অনেক সময় পরিবারটি একেবারে নিঃস্ব হয়ে যায়। তাছাড়া হত্যা, আত্মহত্যা, বাড়ি থেকে পালানো বা নিরবদ্দেশ হওয়ার মতো ঘটনাও ঘটে। যে দেশে সহজেই মাদক পাওয়া যায় সেখানে চুরি, ডাকাতি, ছিনতাই, রাহাজানি ও হত্যার ঘটনাও বেশি ঘটে। মাদকের প্রভাবে সামাজিক অস্থিরতা ও মূল্যবোধের অবৰয় দেখা দেয়।



## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর



**প্রশ্ন -১৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

শিশু-কিশোররা বিভিন্ন প্রকার অপরাধে জড়িয়ে পড়ে। যেমন চুরি, খুন, জুয়াখেলা প্রভৃতি। দারিদ্র্য, সুষ্ঠু পরিবেশের অভাব, পিতামাতার অযত্ন, বিবাহবিচ্ছেদ ইত্যাদির কারণে শিশু-কিশোররা অপরাধী হয়ে ওঠে। বাংলাদেশে কিশোর অপরাধ প্রবণতা দিন দিন বেড়ে যাচ্ছে। এ সমস্যা প্রতিরোধে আমাদের বিভিন্ন পদৰেপ গ্রহণ করা জরবরি।

ক. কিশোর অপরাধ কী ধরনের সমস্যা? ১

খ. পারিবারিক জীবনে মাদকাসক্তির প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উলিরখিত শিশু-কিশোরদের অপরাধ করার কারণ বর্ণনা কর। ৩

ঘ. উক্ত অপরাধ রোধে যেসব পদৰেপ গ্রহণ করা যেতে পারে তা বিশেরষণ কর। ৪

**১৩নং প্রশ্নের উত্তর**

ক. কিশোর অপরাধ একটি ভয়ানক সামাজিক সমস্যা।

খ. পারিবারিক জীবনে মাদকের প্রভাব নানা জটিল সমস্যার সৃষ্টি করে। পুরো পরিবারের সুখ-শান্তি নষ্ট করে। যে পরিবারে মাদকাসক্ত সন্তান থাকে সে পরিবারে ঝগড়াঝাটি লেগেই থাকে। প্রতিবেশীদের কাছে পরিবারের কোনো মর্যাদা থাকে না। মাদকের টাকা জোগান দিতে গিয়ে পরিবারটি অনেক সময় নিঃস্ব হয়ে যায়। এছাড়া হত্যা, আত্মহত্যা, বাড়ি থেকে পালানো ইত্যাদি ঘটনাও ঘটে থাকে।

গ. উদ্দীপকে উলিরখিত শিশু-কিশোরদের অপরাধ করার কারণ বহুমাত্রিক।

অপ্রাপ্তবয়স্ক ছেলেমেয়ে বা কিশোরদের দ্বারা সংঘটিত বিভিন্ন ধরনের অপরাধকেই বলা হয় কিশোর অপরাধ। আমাদের দেশে কিশোর অপরাধের অন্যতম প্রধান কারণ দারিদ্র্য। দরিদ্র পরিবারের শিশু-কিশোরদের অনেক সাধ বা ইচ্ছা পূরণ হয় না। এর ফলে তাদের মধ্যে বাড়ে হতাশা এবং এ হতাশাই তাদের অপরাধের দিকে ঠেলে দেয়। বাংলাদেশে শিশু-কিশোর অপরাধের কারণসমূহ হলো— ১. পিতামাতার অসংগতিপূর্ণ আচরণ; ২. পারিবারিক বিশৃঙ্খলা; ৩. আদর বা স্নেহের অভাব; ৪. সামাজিক পরিবেশ; ৫. সমবয়সী বন্ধুদের প্রভাব; ৬. চিত্তবিনোদনের অভাব; ৭. ত্রুটিপূর্ণ মানসিক বিকাশ; ৮. শহরায়ন ও অপরিকল্পিত শিল্পায়ন ইত্যাদি।

ঘ. বাংলাদেশে কিশোর অপরাধ দিন দিন বেড়ে যাচ্ছে। এ সমস্যার প্রতিরোধে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে—

১. **অভিভাবক সচেতনতা ও দায়িত্ব :** কিশোর অপরাধ রোধের জন্য পরিবারে সন্তানদের সুস্থ মানসিক বিকাশের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে। তাদের বন্ধু ও সাথীদের খোঁজখবর রাখতে হবে। সন্তানদের সাথে সহজ ও স্বাভাবিক সম্পর্ক গড়ে তুলতে হবে।

২. **আর্থসামাজিক কর্মসূচি :** পরিবারের দারিদ্র্য কিশোরদের অপরাধ প্রবণতার একটি অন্যতম কারণ। সেজন্য

অভিভাবকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও পরিবারের আর্থিক অবস্থার উন্নতি ঘটাতে হবে। এ ব্যাপারে সরকার ও বিভিন্ন বেসরকারি সংস্থাকে এগিয়ে আসতে হবে।

৩. **শিক্ষার সুযোগ :** সকল শিশু কিশোরকে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার আওতায় আনতে হবে। এতে তারা একদিকে শিক্ষার প্রভাবে সুস্থ ও সুন্দর জীবনযাপনে আগ্রহী হবে, অন্যদিকে বিদ্যালয়ের পরিবেশ তাদেরকে অপরাধ থেকে দূরে রাখবে।

৪. **চিত্তবিনোদন :** শিশু-কিশোরদের মানসিক বিকাশের জন্য পাড়া ও মহল্লায় পাঠাগার, ব্যায়ামাগার প্রভৃতি স্থাপন করা প্রয়োজন। উপরে উল্লিখিত কার্যক্রম ছাড়াও অশোভন ছবি প্রদর্শন এবং প্রকাশনা সম্পূর্ণভাবে বন্ধ করতে হবে। শিশুশ্রম বন্ধ করতে হবে। শিশু-কিশোররা যেন খারাপ সংস্পর্শে না পড়ে সে ব্যাপারে তাদের সতর্ক থাকতে হবে। উল্লিখিত পদক্ষেপসমূহ বাস্তবায়নের মাধ্যমে কিশোর অপরাধ রোধ করা সম্ভব।

**প্রশ্ন –১৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রতনের বাবা একজন কৃষক। তিনি একটি খামারে কাজ করেন। সংসারের অভাব মেটানোর জন্য রতনকেও তার বাবার সঙ্গে কাজ করতে হয়। একসময় সে পড়াশোনা বাদ দেয়। মাঝে মাঝেই রতনের বাবা–মার মধ্যে বিরোধ দেখা দেয়। আস্তে আস্তে রতনও পাড়ার অসৎ বন্ধুদের সঙ্গে মিশে। অসৎ বন্ধুদের প্রভাবে সে রাস্তায় মেয়েদের উত্ত্যক্ত করা ও মাদক গ্রহণসহ বিভিন্ন ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে।

ক. কাদের উৎপাতে কখনো কখনো ছাত্রীদের পড়ালেখা বন্ধ হয়ে যায়? ১

খ. কিশোর অপরাধ দমনে অভিভাবকদের সচেতন হওয়া জরুরি কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত রতনের বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ার কারণ কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. রতনের কাজ কি কিশোর অপরাধের মধ্যে পড়ে? তোমার মতামত দাও। ৪

### ▸◂ ১৪নং প্রশ্নের উত্তর ▸◂

ক. বখাটেদের উৎপাতে কখনো কখনো ছাত্রীদের পড়ালেখা বন্ধ হয়ে যায়।

খ. কিশোর অপরাধ দমনে অভিভাবকদের সচেতন হওয়া জরুরি। কিশোরদের অপরাধ প্রবণতার ধরন, তার কারণ ও প্রতিকার সম্পর্কে পিতামাতা ও পরিবারের বয়োজ্যেষ্ঠরা যদি সচেতন থাকেন তবে তাঁরা সহজেই কিশোরদের অপরাধ থেকে দূরে রাখতে বা সে পথ থেকে সরিয়ে আনতে পারবেন। এজন্য পরিবারে সন্তানদের সুস্থ মানসিক বিকাশের উপযুক্ত পরিবেশ সৃষ্টি এবং তাদের সঙ্গে সহজ ও স্বাভাবিক সম্পর্ক গড়ে তুলতে হবে।

গ. উদ্দীপকে বর্ণিত রতনের বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ার কারণ হচ্ছে দারিদ্র্য, পিতামাতার মধ্যকার জটিল দাম্পত্য সম্পর্ক এবং সঙ্গদোষ।
দরিদ্র পরিবারের কিশোরদের অনেক সাধ বা ইচ্ছাই অপূর্ণ থেকে যায়। এর ফলে তাদের মধ্যে হতাশা বাড়ে এবং এ হতাশাই তাদের অপরাধের দিকে ঠেলে দেয়। রতনও দরিদ্র পরিবারের সন্তান। আবার, সঙ্গদোষের কারণেও শিশু–কিশোররা বিভিন্ন অপরাধের সঙ্গে যুক্ত হয়। দরিদ্র শিশু–কিশোররা পাড়ার অসৎ বন্ধুদের সঙ্গে মিশে নানা ধরনের অপরাধের সঙ্গে জড়িয়ে পড়ে। রতনও পাড়ার অসৎ বন্ধুদের সাথে মিশে বিভিন্ন ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে। তাছাড়া পিতামাতার মধ্যকার জটিল সম্পর্কের কারণেও শিশু-কিশোররা বিভিন্ন অপরাধের সঙ্গে জড়িয়ে পড়ে যেটি উদ্দীপকে বর্ণিত রতনের ৰেত্রেও দেখা যায়।

ঘ. উদ্দীপকের রতনের কাজ অবশ্যই কিশোর অপরাধের মধ্যে পড়ে। যেসব কাজ কিশোর অপরাধের পর্যায়ে পড়ে সেগুলো হচ্ছে চুরি, খুন, জুয়া খেলা, স্কুল পালানো, পরীৰায় নকল করা, পকেটমার, বাড়ি থেকে পালানো পথে–ঘাটে মেয়েদের উত্যক্ত করা, এসিড নিৰেপ, নারী নির্যাতন, অশোভন ছবি দেখা, মাদক গ্রহণ ইত্যাদি। এছাড়া বিনা টিকিটে ভ্রমণ করাও কিশোর অপরাধের অন্তর্ভুক্ত। উদ্দীপকে বর্ণিত রতন রাস্তায় মেয়েদের উত্যক্ত করা ও মাদক গ্রহণসহ বিভিন্ন ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত। তাই রতনের কাজ কিশোর অপরাধের মধ্যে পড়ে বলে আমি মনে করি।

**প্রশ্ন –১৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

শাকিল ও সৌরভ দুই বন্ধু। শাকিল মধ্যবিত্ত পরিবারের ছেলে এবং বাবা–মা তাকে যথেষ্ট সময় দেন, অপরদিকে সৌরভের বাবা-মা দুজনই চাকরিজীবী হওয়ায় তারা সৌরভকে পর্যাপ্ত সময় দিতে পারেন না। এক সময় দেখা যায়, শাকিল জিপিএ–৫ পেলেও সৌরভ এসএসসি পরীক্ষায় 'বি' পেয়েছে এবং মাদকাসক্ত হয়ে পড়েছে।

ক. জাপানে কিশোর অপরাধের বয়সসীমা কত ধরা হয়? ১

খ. কোন কোন অপরাধ কিশোর অপরাধের পর্যায়ে পড়ে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সৌরভের মাদকাসক্ত হয়ে পড়ার পেছনে কোন কারণটি কাজ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সৌরভের মতো কিশোরদের সুন্দর জীবনযাপনে অভ্যস্ত করার উপায় বিশ্লেষণ কর। ৪

### ▸◂ ১৫নং প্রশ্নের উত্তর ▸◂

ক. জাপানে কিশোর অপরাধের বয়সসীমা ধরা হয় ১৪ থেকে ২০ বছর।

খ. যেসব কাজ কিশোর অপরাধের পর্যায়ে পড়ে সেগুলো হচ্ছে– চুরি, খুন, জুয়াখেলা, স্কুল পালানো, বাড়ি থেকে পালানো, পরীৰায় নকল করা, বিদ্যালয় ও পথেঘাটে উচ্ছৃঙ্খল আচরণ, পকেটমারা, মারপিট করা, বোমাবাজি, গাড়ি ভাঙচুর, বিনা টিকিটে ভ্রমণ, পথেঘাটে মেয়েদের উত্ত্যক্ত করা, এসিড নিৰেপ, নারী নির্যাতন, অশোভন ছবি দেখা, মাদক গ্রহণ ইত্যাদি।

গ. উদ্দীপকের সৌরভের মাদকাসক্ত হয়ে পড়ার পেছনে যে কারণটি কাজ করেছে তাহলো পিতামাতার স্নেহ বা মনোযোগ থেকে বঞ্চিত হওয়া।
উদ্দীপক পাঠে জানা যায়, সৌরভের বাবা–মা দুজনেই চাকরিজীবী হওয়ায় তারা সৌরভকে পর্যাপ্ত সময় দিতে পারেন না। ফলে তার মধ্যে নিঃসঙ্গতা কাজ করে। পিতামাতার স্নেহ বা মনোযোগ থেকে বঞ্চিত হলে সৌরভের মতো শিশু-কিশোরদের মনে হতাশা জন্ম নেয়। আর এ হতাশা থেকে মুক্তি লাভের আশায় প্রথমে বন্ধু–বান্ধবের পরামর্শে বা তাদের দেখাদেখি অনেকে মাদকদ্রব্য গ্রহণ করতে শুরব করে। পরে এটা তাদের নেশায় পরিণত হয়। একপর্যায়ে তারা মাদকে আসক্ত হয়ে পড়ে। একসময় দেখা যায়, মেধাবী হয়েও তার পরীৰার ফলাফল খারাপ হতে থাকে। সৌরভের ৰেত্রে যেমনটি ঘটেছে।

ঘ. সৌরভের মতো কিশোরদের অর্থাৎ মাদকাসক্ত কিশোরদের নিম্নলিখিত উপায়ে সুন্দর জীবনযাপনে অভ্যস্ত করা যায়–
সৌরভের মতো কিশোরদের ছোটবেলা থেকেই ধর্মীয় ও নৈতিক মূল্যবোধ শেখানোর জন্য অভিভাবক ও পরিবারের বয়োজ্যেষ্ঠ সদস্যদের সচেষ্ট হতে হবে। মাদকের ৰতিকর প্রভাব এবং মাদক সম্পর্কে ধর্মে যেসব বিধিনিষেধ রয়েছে তা জানাতে হবে। সুস্থ চিত্তবিনোদনের ব্যবস্থা করে সৌরভের মতো কিশোরদের সেদিকে আকর্ষণ করতে হবে, যাতে তারা মাদক গ্রহণ ও অন্যান্য খারাপ অভ্যাসের দিকে ঝুঁকে না পড়ে। পারিবারিক পরিবেশ সুন্দর ও স্বাভাবিক রাখতে হবে। পারিবারিক ঝামেলা যেন সৌরভের মতো কিশোরদের মনকে বিচলিত না করে সেদিকে খেয়াল রাখতে হবে। ধূমপান ও অন্যান্য নেশাজাতীয় দ্রব্যের উৎপাদন ও বিজ্ঞাপন প্রচার বন্ধ করতে হবে। বিভিন্ন প্রচার মাধ্যমে মাদকাসক্তির বিরবদ্ধে বক্তব্য তুলে ধরে সচেতনতা সৃষ্টি করতে হবে।
পরিশেষে বলা যায়, মাদকাসক্তি প্রতিরোধে উপরিউক্ত পদৰেপগুলো গ্রহণ করা গেলে সৌরভের মতো কিশোরদের সুন্দর জীবনযাপনে অভ্যস্ত করে তোলা যাবে।

**প্রশ্ন –১৬ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রহিম খুব ছোটবেলা থেকে রাস্তায় ঘুরে ঘুরে কাগজ কুঁড়িয়ে বেড়ায়। এসব কাগজ বিক্রি করে সে খাবার জোগায়। সে অল্প বয়স থেকেই ধূমপান শুরব করে। ধীরে ধীরে সে গাঁজায় আসক্ত হয়ে পড়ে। গাঁজার টাকা জোগাড় করতে গিয়ে এখন সে ছিনতাইও করে। [খুলনা জিলা স্কুল]

ক. কিশোর মন স্বভাবতই কেমন? ১
খ. হতাশা মাদকাসক্তির অন্যতম কারণ—ব্যাখ্যা কর। ২
গ. রহিমের দ্বারা সংঘটিত কর্মকাণ্ড আমাদের সামাজিক জীবনে কী ধরনের প্রভাব ফেলতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'রহিমের অপরাধপ্রবণতা হ্রাস করতে দরকার উপযুক্ত শিৰা ও চিত্তবিনোদন'– যুক্তিসহ উক্তিটি বিশেৱষণ কর। ৪

### ১৬নং প্রশ্নের উত্তর

ক. কিশোর মন স্বভাবতই কৌতূহলপ্রবণ।

খ. হতাশা মাদকাসক্তির অন্যতম কারণ। বেকারত্ব, নিঃসঙ্গতা, প্রিয়জনের মৃত্যু, প্রেমে ব্যর্থতা, পারিবারিক অশান্তি ইত্যাদি কারণে অনেকের মনে হতাশার সৃষ্টি হয়। আর এই হতাশা থেকে মুক্তি লাভের আশায় প্রথমে বন্ধুবান্ধবের পরামর্শে বা তাদের দেখাদেখি অনেকে মাদকদ্রব্য গ্রহণ করতে শুরব করে। পরে এটা তাদের নেশায় পরিণত হয়।

গ. রহিমের দ্বারা সংঘটিত কর্মকাণ্ড আমাদের সামাজিক জীবনে বিরূ প প্রভাব ফেলতে পারে। উদ্দীপক পাঠে জানা যায়, রহিম ধূমপান ও গাঁজা সেবনে অভ্যস্ত হয়ে পড়ে এবং এর জন্য প্রয়োজনীয় অর্থ জোগাড় করতে সে ছিনতাই শুরব করে। একসময় রহিম দোকান ও ব্যবসায়ীর নিকট থেকে চাঁদা আদায় করতে পারে। পথেঘাটে আসা–যাওয়া মেয়েদের প্রতি অশৱীল ও অশোভন উক্তিও করতে পারে। এমনকি উত্ত্যক্ত পর্যন্ত করতে পারে। আর তার দেখাদেখি অন্যান্য কিশোররাও এ ধরনের অসামাজিক ও গর্হিত কর্মকাণ্ডে উদ্বুদ্ধ হতে পারে। এতে আমাদের সামাজিক জীবনের শান্তিপূর্ণ পরিবেশ বিঘ্নিত হতে পারে। সুতরাং বলা যায়, উদ্দীপকের রহিমের কর্মকাণ্ড আমাদের সামাজিক জীবনে ভয়াবহ প্রভাব ফেলতে পারে।

ঘ. রহিমের অপরাধপ্রবণতা হ্রাস করতে প্রয়োজন উপযুক্ত শিৰা ও চিত্তবিনোদন। উদ্দীপকের মাদকাসক্ত রহিমের মানসিক বিকাশের জন্য শিৰা ও চিত্তবিনোদনের কেন্দ্র স্থাপন প্রয়োজন। মূলত রহিমের মতো পথে ঘুরে বেড়ানো শিশুদের জন্য পার্ক, ক্লাব, খেলার মাঠ, ভ্রাম্যমাণ পাঠাগারসহ নানা কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এছাড়া এদেশে নির্মিত ও আমদানিকৃত ছায়াছবিগুলো কিশোরদের উপযোগী করে প্রদর্শনের অনুমতি প্রদান করতে হবে। অশোভন ছবি প্রদর্শন এবং প্রকাশনা বন্ধ করার উদ্যোগ নেওয়া প্রয়োজন। এছাড়া সরকারি ও বেসরকারি উদ্যোগে গড়ে তোলা চিত্তবিনোদন কেন্দ্রগুলোর পরিধি আরও বিস্তৃতি লাভ করলে রহিমের মতো কিশোররা সুযোগ-সুবিধা পাবে এবং এক সুস্থ সাংস্কৃতিক পরিবেশে তারা সুস্থ ধারার জীবন অতিবাহিত করতে উদ্বুদ্ধ হবে।
সুতরাং বলা যায়, রহিমের অপরাধপ্রবণতা হ্রাস করতে প্রয়োজন উপযুক্ত শিৰা ও সুস্থ চিত্তবিনোদন।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন–১৭ ▸** একাদশ শ্রেণির ছাত্র অপু নিয়মিত কলেজে যায় না। রাস্তার মোড়ে আড্ডা দেয় এবং মেয়েদের দেখলে অশালীন উক্তি ও আচরণ করে।

ক. বাংলাদেশে সাধারণত কত বছর বয়সের কিশোরদের কিশোর অপরাধের অন্তর্ভুক্ত করা হয়? ১
খ. বাংলাদেশে কিশোর অপরাধীরা সাধারণত কী কী অপরাধের সঙ্গে জড়িত? ২
গ. অপুকে কোন ধরণের অপরাধী বলা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. অপুর এ ধরনের অপরাধী হওয়ার হাত হতে রক্ষা করার উপায় পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন–১৮ ▸** মাধ্যমিক পরীক্ষায় ফেল করেই সাহাব পড়াশোনা ছেড়ে দেয়। এলাকার বখাটে ছেলেদের সাথেই এখন সাহাবের মেলামেশা। এদের সাথে মিশে একসময় সাহাব মাদকাসক্ত হয়ে পড়ে। শুধু সাহাব নয় গ্রামের আরও কিছু কিশোর মাদকাসক্ত হয়ে পড়েছে। এর ফলে উক্ত গ্রামের পরিবেশ নষ্ট হয়ে যাচ্ছে।

ক. ভারতে কিশোর অপরাধের বয়সসীমা কত? ১
খ. 'মাদককে না বলুন'—ব্যাখ্যা কর। ২
গ. সাহাব ও তার বন্ধুদের মাদকাসক্ত হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. সাহাবের মতো কিশোরদের মাদকাসক্তি আমাদের জাতীয় জীবনে ভয়াবহ প্রভাব ফেলতে সক্ষম– যুক্তিসহ উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন–১৯ ▸** তুহিন ছোটনকে বলে আজকাল ছোটরাও অনেক অপরাধ করে। আর তাদের এ অপরাধ এক ধরনের সামাজিক সমস্যা। তুহিন মনে করে সুষ্ঠু সামাজিকীকরণের মাধ্যমে এ অপরাধ কমিয়ে আনা সম্ভব। তাই তুহিন ছোটনকে বলে এ অপরাধ প্রতিরোধে আমাদেরকে উদ্যোগ নিতে হবে।

ক. বাংলাদেশে কিশোর অপরাধের বয়সসীমা কত? ১
খ. মাদকাসক্তি বিস্তারের কয়েকটি কারণ লিখ। ২
গ. উদ্দীপকে কোন সামাজিক সমস্যার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সামাজিক সমস্যা প্রতিরোধের উপায় বিশেৱষণ কর। ৪

**প্রশ্ন–২০ ▸** ফারহানের বয়স ১৪ বছর। তার বাবা একজন ৰুদ্র কৃষক। কোনো রকমে অভাব অনটনের মধ্যে তাদের সংসার চলে। ফারমান স্কুলে যাওয়া বন্ধ করে দেয়। বস্তির এক বখাটে ছেলের সাথে তার বন্ধুত্ব হয়। এখন সে মোড়ে আড্ডা দেয় আর জুয়া খেলে।

ক. কিশোর অপরাধ কী? ১
খ. "মাদককে না বলুন"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন সামাজিক সমস্যাটি বিবৃত হয়েছে? ব্যাখ্যা দাও। ৩
ঘ. ফারহানের স্কুলে না যাওয়া, মোড়ে মোড়ে আড্ডা ও জুয়া খেলা এর পেছনে কী কী কারণ দায়ী বলে তুমি মনে কর? পাঠ্যবইয়ের আলোকে বিশেৱষণ কর। ৪

## অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –২১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
বাংলাদেশে কিশোর অপরাধ প্রবণতা দিন দিন বেড়ে যাচ্ছে। এ সমস্যা প্রতিরোধে পদৰেপ নেওয়া না গেলে তা আরও বেড়ে যাবে। ফলশ্রবতিতে দেশের উন্নয়ন বাধাগ্রস্ত করতে প্রভাব ফেলবে। এসব কিশোরদের মানবসম্পদে পরিণত করতে সঠিক শিৰা প্রদানসহ যাবতীয় কর্মশালা গ্রহণ করা প্রয়োজন। [৬ষ্ঠ ও ১০ম অধ্যায়]

ক. বাংলাদেশে কিশোরদের বয়সসীমা কত বছর? ১
খ. মাদকাসক্তি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের আলোকে মানবসম্পদ উন্নয়নে বাংলাদেশের গৃহীত কার্যক্রমের একটি তালিকা দাও। ৩
ঘ. উদ্দীপকে উলিৱখিত সমস্যা রোধে যেসব পদৰেপ নেওয়া যায় তা পাঠ্যপুস্তকের আলোকে বিশেৱষণ কর। ৪

### ২১নং প্রশ্নের উত্তর

ক. বাংলাদেশের কিশোরদের বয়সসীমা ৭ থেকে ১৭ বছর।

খ. 'মদ' কথাটি হতে 'মাদক' শব্দটির উৎপত্তি। যে দ্রব্য গ্রহণের ফলে মানুষের শারীরিক ও মানসিক অবস্থার উলেরখযোগ্য নেতিবাচক পরিবর্তন ঘটে এবং ওই দ্রব্যের প্রতি নির্ভরশীলতা সৃষ্টি হয়, পাশাপাশি দ্রব্যটি গ্রহণের পরিমাণ ক্রমশই বাড়তে থাকে, এমন দ্রব্যকে মাদকদ্রব্য বলে এবং তা গ্রহণকারী ব্যক্তির অবস্থাকে মাদকাসক্তি বলে।

গ. উদ্দীপকে কিশোরদের মানবসম্পদে পরিণত করার দিকে ইঙ্গিত রয়েছে। মূলত বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য মানবসম্পদের উন্নয়ন একটি গুরুত্বপূর্ণ বিষয়। এৰেত্রে জীবনের প্রথম থেকেই লৰ্য স্থির রাখতে হবে। আর সরকারও এ ব্যাপারে সংরৰিত। মানবসম্পদ উন্নয়নে বাংলাদেশের গৃহীত কার্যক্রমের একটি তালিকা নিচে দেয়া হলো।

মানবসম্পদ উন্নয়নে বাংলাদেশের গৃহীত কার্যক্রম–
i. শিক্ষার প্রসার, ii. যুব উন্নয়ন, iii. জনস্বাস্থ্যের উন্নয়ন,
iv. পরিবেশ উন্নয়ন, v. শ্রম ও কর্মসংস্থান বৃদ্ধি।

ঘ. উদ্দীপকে উলিরখিত সমস্যা তথা বাংলাদেশে কিশোর অপরাধ দিন দিন বেড়ে যাচ্ছে। এ সমস্যার প্রতিরোধে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে–

১. **অভিভাবক সচেতনতা ও দায়িত্ব :** কিশোর অপরাধ রোধের জন্য পরিবারে সন্তানদের সুস্থ মানসিক বিকাশের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে। তাদের বন্ধু ও সাথীদের খোঁজখবর রাখতে হবে। সন্তানদের সাথে সহজ ও স্বাভাবিক সম্পর্ক গড়ে তুলতে হবে।

২. **আর্থসামাজিক কর্মসূচি :** পরিবারের দারিদ্র্য কিশোরদের অপরাধ প্রবণতার একটি অন্যতম কারণ। সেজন্য অভিভাবকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও পরিবারের আর্থিক অবস্থার উন্নতি ঘটাতে হবে। এ ব্যাপারে সরকার ও বিভিন্ন বেসরকারি সংস্থাকে এগিয়ে আসতে হবে।

৩. **শিক্ষার সুযোগ :** সকল শিশু কিশোরকে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার আওতায় আনতে হবে। এতে তারা একদিকে শিক্ষার প্রভাবে সুস্থ ও সুন্দর জীবনযাপনে আগ্রহী হবে, অন্যদিকে বিদ্যালয়ের পরিবেশ তাদেরকে অপরাধ থেকে দূরে রাখবে।

৪. **চিত্তবিনোদন :** শিশু-কিশোরদের মানসিক বিকাশের জন্য পাড়া ও মহল্লায় পাঠাগার, ব্যায়ামাগার প্রভৃতি স্থাপন করা প্রয়োজন।

উপরে উল্লিখিত কার্যক্রম ছাড়াও অশোভন ছবি প্রদর্শন এবং প্রকাশনা সম্পূর্ণভাবে বন্ধ করতে হবে। শিশুশ্রম বন্ধ করতে হবে। শিশু–কিশোররা যেন খারাপ সংস্পর্শে না পড়ে সে ব্যাপারে তাদের সতর্ক থাকতে হবে। উল্লিখিত পদক্ষেপসমূহ বাস্তবায়নের মাধ্যমে কিশোর অপরাধ রোধ করা সম্ভব।

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ◘ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ পিতামাতার পারিবারিক জটিল আচার–আচরণের সাথে কিসের সম্পর্ক রয়েছে?**
**উত্তর :** পিতামাতার পারিবারিক জটিল আচার–আচরণের সাথে কিশোর অপরাধের সম্পর্ক রয়েছে।

**প্রশ্ন ॥ ২ ॥ কারা মেয়েদের প্রতি অশোভন উক্তি করে?**
**উত্তর :** কিশোর অপরাধীরা মেয়েদের প্রতি অশোভন উক্তি করে।

**প্রশ্ন ॥ ৩ ॥ কিশোর অপরাধ রোধকল্পে অভিভাবকদের সন্তানদের সঙ্গে কী রকম আচরণ করতে হবে?**
**উত্তর :** কিশোর অপরাধ রোধকল্পে অভিভাবকদের সন্তানদের সঙ্গে স্বাভাবিক আচরণ করতে হবে।

**প্রশ্ন ॥ ৪ ॥ মাদকাসক্ত সঙ্গীদের সাথে মেলামেশার মধ্যদিয়ে কিসের সূত্রপাত ঘটে?**
**উত্তর :** মাদকাসক্ত সঙ্গীদের সাথে মেলামেশার মধ্যদিয়ে মাদকাসক্তির সূত্রপাত ঘটে।

**প্রশ্ন ॥ ৫ ॥ দুই ভিন্ন সংস্কৃতির টানাপোড়নে পড়ে যুব সমাজের একটা অংশ বিভ্রান্ত ও লৰ্যভ্রষ্ট হয়ে কীসে আকৃষ্ট হচ্ছে?**
**উত্তর :** দুই ভিন্ন সংস্কৃতির টানাপোড়নে পড়ে যুব সমাজের একটা অংশ বিভ্রান্ত ও লৰ্যভ্রষ্ট হয়ে মাদকে আকৃষ্ট হচ্ছে।

**প্রশ্ন ॥ ৬ ॥ আমাদের সমাজজীবনে বর্তমানে কোনটি একটি ভয়াবহ সমস্যা হিসেবে দেখা দিয়েছে?**
**উত্তর :** আমাদের সমাজজীবনে বর্তমানে মাদকাসক্তি একটি ভয়াবহ সমস্যা হিসেবে দেখা দিয়েছে।

**প্রশ্ন ॥ ৭ ॥ কোনটি আমাদের সামাজিক ও নৈতিক জীবনে মারাত্মক প্রভাব ফেলছে?**
**উত্তর :** মাদকাসক্তি আমাদের সামাজিক ও নৈতিক জীবনে মারাত্মক প্রভাব ফেলছে।

### ◘ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ কিশোর অপরাধজনিত সমস্যা থেকে রৰার উপায় ব্যাখ্যা কর।**
**উত্তর :** দেশে নির্মিত ও বিদেশ থেকে আমদানিকৃত ছায়াছবিগুলো কিশোরদের উপযোগী হওয়া প্রয়োজন। তাছাড়া অশোভন ছবি প্রদর্শন ও প্রকাশনা বন্ধ করার উদ্যোগ নেওয়া প্রয়োজন। শিশুশ্রম নিষিদ্ধ করা উচিত। অনাথ, বিকলাঙ্গ, পঙ্গু, মানসিক রোগগ্রস্ত, অসহায় শিশুর লালন–পালনে সরকারি ও বেসরকারি উদ্যোগকে অধিক গুরুত্ব দিতে হবে। এর পরিধি বিস্তৃত করতে হবে। তাছাড়া শিশুদের খেলাধুলা ও অন্যান্য শিৰা ও সাংস্কৃতিক কার্যক্রমে জড়িত করে তাদেরকে এ সমস্যার হাত থেকে রৰা করতে হবে।

**প্রশ্ন ॥ ২ ॥ পারিবারিক জীবনে মাদকাসক্তির প্রভাব ব্যাখ্যা কর।**
**উত্তর :** পারিবারিক জীবনে মাদকের প্রভাব নানা জটিল সমস্যার সৃষ্টি করে। পুরো পরিবারের সুখ-শান্তি নষ্ট করে। যে পরিবারে মাদকাসক্ত সন্তান থাকে সে পরিবারে ঝগড়াঝাটি লেগেই থাকে। প্রতিবেশীদের কাছে পরিবারের কোনো মর্যাদা থাকে না। মাদকের টাকা জোগান দিতে গিয়ে পরিবারটি অনেক সময় নিঃস্ব হয়ে যায়। এছাড়া হত্যা, আত্মহত্যা, বাড়ি থেকে পালানো ইত্যাদি ঘটনাও ঘটে থাকে।

**প্রশ্ন ॥ ৩ ॥ কিশোর-কিশোরী মাদকাসক্ত হয়ে পড়ে কেন?**
**উত্তর :** মাদকাসক্তির প্রথম সূত্রপাত ঘটে মাদকাসক্ত সঙ্গীদের সাথে মেলামেশা করার মাধ্যমে। অনেক সময় কিশোর–কিশোরীরা না বুঝেই

বা এর খারাপ দিকগুলো না জেনেই বন্ধুদের প্ররোচনায় মাদকদ্রব্য সেবন করে। কৌতূহলের কারণেও অনেকে মাদকদ্রব্য নিতে শুরব করে। অনেক ৰেত্রে যেসব পরিবারে ধূমপায়ী পিতামাতা বা আত্মীয়স্বজন রয়েছে তাদের পকেট থেকে বিড়ি-সিগারেট চুরি করে শিশু–কিশোররা এ কৌতূহল পূরণ করে থাকে। এ কৌতূহলই একসময় আসক্তিতে পরিণত হয়।